এসোসিয়েশন অব ট্রাভেল এজেন্টস অব বাংলাদেশ
ATAB
ASSOCIATION OF TRAVEL AGENTS OF BANGLADESH
Sattara Centre (15th Floor), 30/A,Nayapaltan, VIP Road, Dhaka-1000, Bangladesh.
Phone : 9332728, 8332712, Fax : 88-02-58315595, E-mail : atab@citech.net, Website : www.atab.org.bd

আটাব/সার্কুলার/২০২৫/৫০৯
২৭ অক্টোবর, ২০২৫

## সম্মানিত সকল সদস্য,

এসোসিয়েশন অব ট্রাভেল এজেন্টস অব বাংলাদেশ (আটাব)

**বিষয়ঃ বেসামরিক বিমান চলাচল (সংশোধন) অধ্যাদেশ ২০২৫ এর খসড়ার উপরে মতামত প্রেরণ**

সম্মানিত সদস্যবৃন্দ,

আপনাদের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, বেসামরিক বিমান চলাচল (সংশোধন) অধ্যাদেশ ২০২৫ এর খসড়া বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়ের ওয়েবসাইটে প্রকাশিত হয়েছে। উক্ত খসড়ার উপরে কোন মতামত থাকলে আগামী ৩০ অক্টোবর, ২০২৫ তারিখের মধ্যে আটাব এর ইমেইল atab.org.bd@gmail.com প্রেরণের জন্য অনুরোধ করা হলো।

27.10.25

এ এইচ এম গোলাম কিবরিয়া
নির্বাহী সচিব, আটাব

সংযুক্তিঃ বেসামরিক বিমান চলাচল (সংশোধন) অধ্যাদেশ ২০২৫ এর খসড়া

# বিজ্ঞপ্তি

এতদ্বারা সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, ‘বেসামরিক বিমান চলাচল (সংশোধন) অধ্যাদেশ, ২০২৫’ এর খসড়া বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়ের ওয়েরবসাইটে (www.mocat.gov.bd) প্রকাশিত হয়েছে। উক্ত খসড়ার উপরে ই-মেইলের মাধ্যমে (ca1@mocat.gov.bd) মতামত প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

অনুরোধক্রমে
বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়

| ক্রমিক নং | বিদ্যমান ধারা (বেসামরিক বিমান চলাচল আইন, ২০১৭) | প্রস্তাবিত ধারা (বেসামরিক বিমান চলাচল (সংশোধন) অধ্যাদেশ, ২০২৫) |
|---|---|---|
| ১ | প্রস্তাবনা:<br><br>আন্তর্জাতিক বেসামরিক বিমান চলাচল সংক্রান্ত কনভেনশন বাস্তবায়নের নিমিত্ত বেসামরিক বিমান চলাচলের সুরক্ষা, নিরাপত্তা, নিয়ন্ত্রণ এবং এতদ্‌সংশ্লিষ্ট বিষয়ে যুগোপযোগী বিধান করিবার লক্ষ্যে Civil Aviation Ordinance, 1960 রহিতক্রমে একটি নূতন আইন প্রনয়ণকল্পে প্রণীত আইন<br><br>যেহেতু আন্তর্জাতিক বেসামরিক বিমান চলাচল সংক্রান্ত কনভেনশন বাস্তবায়নের নিমিত্ত বেসামরিক বিমান চলাচলের সুরক্ষা, নিরাপত্তা, নিয়ন্ত্রণ এবং এতদ্‌সংশ্লিষ্ট বিষয়ে যুগোপযোগী বিধান করিবার লক্ষ্যে Civil Aviation Ordinance, 1960 (Ordinance No. XXXII of 1960) রহিতক্রমে, একটি নূতন আইন প্রণয়ন করা সমীচীন ও প্রয়োজনীয়; | প্রস্তাবনা :<br><br>আন্তর্জাতিক বেসামরিক বিমান চলাচল সংক্রান্ত কনভেনশন বাস্তবায়নের নিমিত্ত বেসামরিক বিমান চলাচলের সুরক্ষা, নিরাপত্তা, নিয়ন্ত্রণ এবং এতদ্‌সংশ্লিষ্ট বিষয়ে যুগোপযোগী বিধান করা এবং যাত্রী সেবা নিশ্চিত করিবার লক্ষ্যে Civil Aviation Ordinance, 1960 রহিতক্রমে একটি নূতন আইন প্রনয়ণকল্পে প্রণীত আইন<br><br>যেহেতু আন্তর্জাতিক বেসামরিক বিমান চলাচল সংক্রান্ত কনভেনশন বাস্তবায়নের নিমিত্ত বেসামরিক বিমান চলাচলের সুরক্ষা, নিরাপত্তা, নিয়ন্ত্রণ এবং এতদ্‌সংশ্লিষ্ট বিষয়ে যুগোপযোগী বিধান করা এবং যাত্রী সেবা নিশ্চিত করিবার লক্ষ্যে Civil Aviation Ordinance, 1960 (Ordinance No. XXXII of 1960) রহিতক্রমে, একটি নূতন আইন প্রণয়ন করা সমীচীন ও প্রয়োজনীয়; |
| ২ | * | **২ (৬ক) সাধারণ বিক্রয় প্রতিনিধি [General Sales Agent (GSA)]** অর্থ বাংলাদেশে এক বা একাধিক বিদেশি এয়ার অপারেটরের পক্ষে যাত্রী অথবা কার্গো অথবা যাত্রী ও কার্গো উভয়ের সেবা বিপণন এবং বিক্রয়ের জন্য অনুমোদিত প্রতিনিধি; |
| ৩ | | **২ (১২ক) কমিশন** অর্থ এই অধ্যাদেশের ৩৮গ ধারার অধীন গঠিত বেসামরিক বিমান চলাচল অর্থনৈতিক কমিশন; |
| ৪ | | **২ (১৪ক) গ্লোবাল ডিস্ট্রিবিউশন সিস্টেম [Global Distribution System (GDS)]** অর্থ কম্পিউটারাইজড নেটওয়ার্ক সিস্টেমের মাধ্যমে ট্রাভেল এজেন্সিকে টিকেটের প্রাপ্যতা, সংরক্ষণ এবং লেনদেনের সুবিধা প্রদানকারী প্রতিষ্ঠান; |
| ৫ | | **২ (১৪খ) গ্রাউন্ড অপারেটর** অর্থ কোন বিমানবন্দর বা বিমানঘাঁটিতে একটি বিমান অবতরণ করিবার পর হইতে পরবর্তী উড্ডয়নের পূর্ববর্তী সময় পর্যন্ত প্রয়োজনীয় যাত্রী ও পণ্য পরিষেবাগুলি সরবরাহ করিবার জন্য কর্তৃপক্ষের নিকট হইতে নিবন্ধনপ্রাপ্ত সংস্থা; |
| ৬ | | **২ (৩৪ক) ট্যারিফ** অর্থ যাত্রী এবং পণ্য পরিবহনের জন্য এয়ার অপারেটর কর্তৃক আরোপিত চার্জ, ফি বা ট্যাক্স ব্যাতীত ভাড়া |
| ৭ | | **২ (৩৪খ) ট্রাভেল এজেন্সি** অর্থ বাংলাদেশ ট্রাভেল এজেন্সি (নিবন্ধন ও নিয়ন্ত্রণ) আইন, ২০১৩ এর অধীন নিবন্ধিত ট্রাভেল এজেন্সি; |
| ৮ | **৯(৪)** কোন বিদেশি এয়ার অপারেটর বাংলাদেশে বাণিজ্যিক বিমান পরিবহন সেবা প্রদান করিতে ইচ্ছুক হইলে উক্ত এয়ার অপারেটরকে বাংলাদেশী নাগরিকের শতভাগ মালিকানাধীন ও | **৯(৪)** কোন বিদেশি এয়ার অপারেটর বাংলাদেশে বাণিজ্যিক বিমান পরিবহন সেবা প্রদান করিতে ইচ্ছুক হইলে উক্ত এয়ার অপারেটর বাংলাদেশে নিজস্ব কার্যালয় স্থাপন অথবা |

* বেসামরিক বিমান চলাচল আইন, ২০১৭ এর ৯(৪) ধারায় General Sales Agent এর বাংলা ‘একক বিক্রয় প্রতিনিধি’ হিসাবে আছে। প্রস্তাবিত সংশোধন অধ্যাদেশে General Sales Agent এর বাংলা ‘সাধারণ বিক্রয় প্রতিনিধি’ হিসাবে গণ্য হবে।

| ক্রমিক নং | বিদ্যমান ধারা (বেসামরিক বিমান চলাচল আইন, ২০১৭) | প্রস্তাবিত ধারা (বেসামরিক বিমান চলাচল (সংশোধন) অধ্যাদেশ, ২০২৫) |
|---|---|---|
| | বাংলাদেশে নিবন্ধিত কোন সংস্থাকে একক বিক্রয় প্রতিনিধি হিসাবে নিয়োগ করিতে হইবে। | বাংলাদেশী নাগরিকের শতভাগ মালিকানাধীন ও বাংলাদেশে নিবন্ধিত এক বা একাধিক সংস্থাকে সাধারণ বিক্রয় প্রতিনিধি হিসাবে নিয়োগ এই দুইটি পন্থার যে কোনও একটির মাধ্যমে তাহার কার্যক্রম পরিচালনা করিতে পারিবে। এছাড়া কোন দেশি এয়ার অপারেটর প্রয়োজন মনে করিলে সাধারণ বিক্রয় প্রতিনিধি নিয়োগ করিতে পারিবে। |
| ৯ | **৯(৫)** আপাতত বলবৎ অন্য কোন আইনে যাহা কিছুই থাকুক না কেন, কোন বিদেশি এয়ার অপারেটর এবং উহার বিক্রয় প্রতিনিধির মধ্যে কোন বিরোধ দেখা দিলে, উক্ত বিরোধ চলাকালীন উক্ত বিদেশি এয়ার অপারেটরের বিমান পরিবহন সেবা বন্ধ করা যাইবে না এবং, প্রয়োজনে, উক্ত বিদেশি এয়ার অপারেটর, উপ-ধারা (৪) এর বিধান প্রতিপালন সাপেক্ষে, সাময়িকভাবে নূতন বিক্রয় প্রতিনিধি নিয়োগ করিতে পারিবে। | **৯(৫)** আপাতত বলবৎ অন্য কোন আইনে যাহা কিছুই থাকুক না কেন, কোন দেশি বা বিদেশি এয়ার অপারেটর সাধারণ বিক্রয় প্রতিনিধি নিয়োগ করিয়া তাহার মাধ্যমে কার্যক্রম পরিচালনা করিলে সেই দেশি বা বিদেশি এয়ার অপারেটর এবং উক্ত সাধারণ বিক্রয় প্রতিনিধি এর মধ্যে কোন বিরোধ দেখা দিলে, অথবা সরকার কর্তৃক উক্ত সাধারণ বিক্রয় প্রতিনিধি এর কার্যক্রম বাতিল ঘোষণা করিলে উক্ত দেশি বা বিদেশি এয়ার অপারেটরের বিমান পরিবহন সেবা বন্ধ করা যাইবে না এবং, প্রয়োজনে, উক্ত দেশি বা বিদেশি এয়ার অপারেটর, উপ-ধারা (৪) এর বিধান প্রতিপালন সাপেক্ষে, সাময়িকভাবে নূতন সাধারণ বিক্রয় প্রতিনিধি নিয়োগ করিতে পারিবে। |
| ১০ | | **৯ক গ্রাউন্ড অপারেটর নিবন্ধন।**–(১) এই আইনের অধীন কোনো গ্রাউন্ড অপারেটর নিবন্ধিত না হইলে বাংলাদেশে উক্ত অপারেটর কার্যক্রম পরিচালনা করিতে পারিবে না।<br>(২) কোন গ্রাউন্ড অপারেটরকে নিবন্ধনের জন্য নির্ধারিত পদ্ধতিতে শর্ত পূরণ সাপেক্ষে চেয়ারম্যানের নিকট আবেদন করিতে হইবে।<br>(৩) উপ-ধারা (২) এর অধীন আবেদন প্রাপ্তির পর চেয়ারম্যান যদি এই মর্মে সন্তুষ্ট হন যে, নির্ধারিত শর্ত পূরণ করা হইয়াছে তাহা হইলে তিনি নিবন্ধন সার্টিফিকেট প্রদান করিবেন। |
| ১১ | | **৯খ গ্লোবাল ডিস্ট্রিবিউশন সিস্টেম নিবন্ধন।**–(১) এই আইনের অধীন কোনো গ্লোবাল ডিস্ট্রিবিউশন সিস্টেম নিবন্ধিত না হইলে বাংলাদেশে উহার কার্যক্রম পরিচালনা করিতে পারিবে না।<br>(২) গ্লোবাল ডিস্ট্রিবিউশন সিস্টেমকে নিবন্ধনের জন্য বিধি দ্বারা নির্ধারিত পদ্ধতিতে শর্ত পূরণ সাপেক্ষে চেয়ারম্যানের নিকট আবেদন করিতে হইবে।<br>(৩) উপ-ধারা (২) এর অধীন আবেদন প্রাপ্তির পর চেয়ারম্যান যদি এই মর্মে সন্তুষ্ট হন যে, নির্ধারিত শর্ত পূরণ করা হইয়াছে তাহা হইলে তিনি নিবন্ধন সার্টিফিকেট প্রদান করিবেন।<br>(৪) চেয়ারম্যান বিধি দ্বারা নির্ধারিত পদ্ধতিতে গ্লোবাল ডিস্ট্রিবিউশন সিস্টেমে সংরক্ষিত বুকিং ও মূল্য-সম্পর্কিত ডেটা নিয়মিতভাবে নিরীক্ষা ও তাৎক্ষণিক প্রবেশ (real time access) করিতে পারিবেন।<br>(৪) যদি কোন নিবন্ধিত গ্লোবাল ডিস্ট্রিবিউশন সিস্টেমের বিরুদ্ধে জনস্বার্থের পরিপন্থী অপব্যবহারের প্রমাণ পাওয়া যায়, তবে চেয়ারম্যান উক্ত গ্লোবাল ডিস্ট্রিবিউশন সিস্টেমে বিদ্যমান সকল বুকিং জনস্বার্থে অক্ষুণ্ন রেখে তাহার নিবন্ধন সাময়িকভাবে স্থগিত বা বাতিল করিতে পারিবেন। |

| ক্রমিক নং | বিদ্যমান ধারা (বেসামরিক বিমান চলাচল আইন, ২০১৭) | প্রস্তাবিত ধারা (বেসামরিক বিমান চলাচল (সংশোধন) অধ্যাদেশ, ২০২৫) |
|---|---|---|
| ১২ | **১৪। বেসামরিক বিমান পরিবহনের সুরক্ষা ও নিরাপত্তা নিশ্চিত করিবার জন্য এএনও, আদেশ, ইত্যাদি জারি।-(১)** চেয়ারম্যান, শিকাগো কনভেনশনের পরিশিষ্ট এবং প্রযোজ্য আন্তর্জাতিক রীতি অনুসারে, বেসামরিক বিমান পরিবহনের সুরক্ষা ও নিরাপত্তা নিশ্চিত করিবার জন্য এএনও, আদেশ এবং নির্দেশনা জারি ও সংশোধন করিতে পারিবেন। | **১৪। বেসামরিক বিমান পরিবহনের সুরক্ষা ও নিরাপত্তা নিশ্চিত করিবার জন্য এএনও, আদেশ, ইত্যাদি জারি।**– (১) চেয়ারম্যান, শিকাগো কনভেনশনের পরিশিষ্ট এবং প্রযোজ্য আন্তর্জাতিক রীতি অনুসারে, বেসামরিক বিমান পরিবহনের সুরক্ষা ও নিরাপত্তা এবং যাত্রী সেবা নিশ্চিত করিবার জন্য অনান্য বিষয়াদি সম্পর্কে এএনও, আদেশ এবং নির্দেশনা জারি ও সংশোধন করিতে পারিবেন। তবে এই ক্ষেত্রে Rules of Business এর 14A অনুচ্ছেদ অনুসরণ করিতে হইবে। |
| ১৩ | | **৩৪ (ক)** কোন ট্রাভেল এজেন্সি যাত্রীর নিকট হতে ট্যারিফের অতিরিক্ত মূল্য আদায় করিলে উহা হইবে একটি অপরাধ এবং তজ্জন্য উক্ত ট্রাভেল এজেন্সি বিধি দ্বারা নির্ধারিত পদ্ধতিতে আদায়কৃত অতিরিক্ত অর্থের তিনগুণ পর্যন্ত ক্ষতিপূরণ যাত্রীকে প্রদান করিতে বাধ্য থাকিবে। |
| ১৪ | | **৩৪ (খ)** কোন ব্যক্তি বা ট্রাভেল এজেন্সি টিকেট মজুত করে কৃত্রিম সংকট সৃষ্টি এবং অতিরিক্ত মূল্যে বিক্রির মাধ্যমে মুনাফা অর্জন করিলে উহা হইবে একটি অপরাধ এবং তজ্জন্য তিনি অনধিক ৫ (পাঁচ) বৎসর এবং অন্যূন ২ (দুই) বৎসরের সশ্রম কারাদণ্ড অথবা অনধিক ৫০ (পঞ্চাশ) লক্ষ টাকা অর্থদণ্ড বা উভয় দণ্ডে দণ্ডনীয় হইবেন। |
| ১৫ | | **৩৮ক। ট্যারিফ দাখিল ও অনুমোদন।**– (১) এয়ার অপারেটরসমূহ তাহাদের সকল রুটের সকল শ্রেণির ন্যূনতম ও সর্বোচ্চ ট্যারিফ বিধি দ্বারা নির্ধারিত পদ্ধতিতে ও নির্দিষ্ট সময় অন্তর চেয়ারম্যানের নিকট দাখিল করিবে।<br>(২) উপ-ধারা (১) এর অধীন ট্যারিফ প্রাপ্তির পরে চেয়ারম্যান সন্তুষ্ট হইলে তিনি উহা অনুমোদন করিবেন।<br>(৩) কোনো রুটে একচেটিয়া কারবার, অস্বাভাবিক মূল্যবৃদ্ধি বা কৃত্রিম সংকট পরিলক্ষিত হলে চেয়ারম্যান জনস্বার্থে যুক্তিসঙ্গত মূল্য নির্ধারণে কার্যকর ব্যবস্থা গ্রহণ করিবেন। |
| ১৬ | | **৩৮খ। বিমান চলাচল ও পরিবেশ সুরক্ষা।**– বৈশ্বিক লক্ষ্যমাত্রার সঙ্গে সঙ্গতি রাখিয়া বিমান চলাচলের কার্বন ফুটপ্রিন্ট কমাতে টেকসই বিমান জ্বালানির ব্যবহার ও উন্নয়নে সরকার নীতি প্রণয়ন, এবং প্রয়োজনে, প্রণোদনা প্রদান করিতে পারিবে। |
| ১৭ | | **৩৮গ। বেসামরিক বিমান চলাচল অর্থনৈতিক কমিশন।**–(১) কর্তৃপক্ষ ও গ্রাউন্ড অপারেটর কর্তৃক ধার্যকৃত বিভিন্ন প্রকার ফি, চার্জ, রয়্যালটি, প্রিমিয়াম ও ভাড়া নির্ধারণে সরকার একটি বেসামরিক বিমান চলাচল অর্থনৈতিক কমিশন গঠন করিবে।<br>(২) বেসামরিক বিমান চলাচল অর্থনৈতিক কমিশন, অতপরঃ কমিশন বলিয়া অভিহিত, কর্তৃপক্ষ হতে স্বাধীনভাবে বিমানবন্দরের অবস্থান, বিমানের প্রকৃতি, এয়ার অপারেটরের প্রকৃতি ইত্যাদি বিবেচনা করিয়া এক প্রকার, অথবা প্রয়োজনে ভিন্ন প্রকার ফি, চার্জ, রয়্যালটি, প্রিমিয়াম ও ভাড়া সরকারের নিকট সুপারিশ করিতে পারিবে। তবে সরকারের জন্য উক্ত সুপারিশ বাস্তবায়ন করা বাধ্যতামূলক হইবে না।<br>(৩) উপ-ধারা (২) মোতাবেক প্রাপ্ত সুপারিশের আলোকে |

| ক্রমিক নং | বিদ্যমান ধারা (বেসামরিক বিমান চলাচল আইন, ২০১৭) | প্রস্তাবিত ধারা (বেসামরিক বিমান চলাচল (সংশোধন) অধ্যাদেশ, ২০২৫) |
|---|---|---|
| | | সরকার কর্তৃপক্ষ ও গ্রাউন্ড অপারেটরের জন্য বিভিন্ন প্রকার ফি, চার্জ, রয়্যালটি, প্রিমিয়াম ও ভাড়া নির্ধারণ করিবে যাহা বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ আইন, ২০১৭ এর ১৭(৩) ধারা অনুযায়ী চেয়ারম্যান তফসিলে প্রকাশ করিবে।<br>(৪) কমিশন এয়ার অপারেটর এবং কর্তৃপক্ষের মধ্যে সরকার কর্তৃক ধার্যকৃত ফি, চার্জ, রয়্যালটি, প্রিমিয়াম ও ভাড়া বিষয়ে বিধি দ্বারা নির্ধারিত পদ্ধতিতে বিরোধ নিষ্পত্তি করিতে পারিবে। |
| ১৮ | | **৪৫ (২) (ফ)** বিদেশি অপারেটর কর্তৃক সাধারণ বিক্রয় প্রতিনিধি নিয়োগ |
| ১৯ | | **৪৫ (২) (ব)** গ্লোবাল ডিস্ট্রিবিউশন সিস্টেম নিয়োগ |
| ২০ | | **৪৫ (২) (ভ)** বিমান চলাচল ও পরিবেশ সুরক্ষা সংক্রান্ত |
| ২১ | | **৪৫ (২) (ম)** বেসামরিক বিমান চলাচল অর্থনৈতিক কমিশন সংক্রান্ত |